বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন
BANGLADESH ARCHERY FEDERATION
President
Lt Gen Md Mainul Islam (Retd)
General Secretary
Kazi Rajib Uddin Ahmed Chapol

বিএএফ/ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্ট-১/২০২৪/০২৫ তারিখঃ ১৩.০২.২০২৪

সকল নিবন্ধিত সার্ভিসেস সংস্থা/প্রতিষ্ঠান ও ক্লাবসমূহ

বিষয়ঃ **"২০২৪ ন্যাশনাল র‍্যাংকিং ওপেন টুর্নামেন্ট-১" প্রসঙ্গে।**

মহোদয়,

আপনাকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় আগামী **১৫ ফেব্রুয়ারি-২০২৪** তারিখে গাজীপুরের টঙ্গিস্থ আরচ্যারী প্রশিক্ষণ কেন্দ্র শহীদ আহসান উল্লাহ্ মাস্টার স্টেডিয়ামে **"২০২৪ ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্ট-১"** অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্টে আপনার সংস্থা/ক্লাব/প্রতিষ্ঠানের যোগ্যতম আরচ্যারদের অংশগ্রহণের সুযোগ রয়েছে। উল্লেখ থাকে যে, ন্যাশনাল র‍্যাংকিং ওপেন টুর্নামেন্টে অংশগ্রহণকারীদের জন্য ফেডারেশনের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। শুধুমাত্র দুপুরের খাবারের ব্যবস্থা থাকবে। আগামী ১৫ ফেব্রুয়ারি-২০২৪ সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে শহীদ আহসান উল্লাহ্ মাস্টার স্টেডিয়ামে আরচ্যারদেরকে নিজ নিজ ইনস্ট্রুমেন্ট নিয়ে উপস্থিত থাকার জন্য আহ্বান করা হলো।

অতএব, উপরে বর্ণিত **"২০২৪ ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্ট-১"** এ অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এ বিষয়ে আপনার সহযোগিতা কামনা করছি।

**খেলার সিডিউলঃ**

১। সকাল ০৮ঃ১৫ মিঃ ম্যানেজারস মিটিং।
২। সকাল ০৮ঃ৩০ মিঃ অফিসিয়াল প্র্যাক্টিস।
৩। সকাল ০৮ঃ৫০ মিঃ কোয়ালিফিকেশন রাউন্ড।

ধন্যবাদান্তে,

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন

সংযুক্তঃ
০১। খেলা পরিচালনার নীতিমালা/বাইলজ (০৫ পাতা)।

Archery
BANGLADESH
Head Office : 1st & 2nd Floor, Moulana Bhashani Stadium, Dhaka-1000, Bangladesh
Tel : +88-09611686113, 09611686112; www.archerybangladesh.org, E-mail: <barchery@gmail.com>
Archery Training Center (ATC), Shaheed Ahsan Ullah Master Stadium, Tongi, Gazipur

# বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন

মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা-১০০০।

## ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্ট পরিচালনার নীতিমালা/বাইলজ-২০২৪

১. **ভূমিকা :**

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের নিয়মিত ক্রীড়া কার্যক্রমের মধ্যে ন্যাশনাল র‍্যাংকিং ওপেন টুর্নামেন্ট একটি গুরুত্বপূর্ণ প্রতিযোগিতা, যা প্রতিবছরই নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। যার প্রেক্ষিতে বছরব্যাপী ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসসহ মোট ৪টি র‍্যাংকিং টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। যা বছরের শুরুতেই 'বিএএফ ইভেন্ট ক্যালেন্ডার'-এর মাধ্যমে সকল দলকে জানানো হয়। এ প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণের মাধ্যমে আরচ্যাররা নিজ নিজ দক্ষতা প্রদর্শণের সুযোগ পেয়ে থাকে। আর এ সকল র‍্যাংকিং টুর্নামেন্টে জাতীয় দলের আরচ্যারদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।

২. **শিরোনাম :**

'২০২৪ ন্যাশনাল ওপেন র‍্যাংকিং-১/২/৪' এবং 'তীর ১৫তম ন্যাশনাল আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪' নামে চিহ্নিত হবে। অর্থ্যাৎ, '২০২৪ ন্যাশনাল ওপেন র‍্যাংকিং-৩' হবে 'তীর ১৫তম ন্যাশনাল আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৪'।

৩. **পরিসর :**

বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের অধীনে নিবন্ধিত সকল ক্লাব, জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস সংস্থা এবং প্রতিষ্ঠান।

৪. **লক্ষ্য :**

আরচ্যারদের নৈপুণ্যতা বিবেচনার জন্য নিয়মিতভাবে অনুশীলনে থেকে র‍্যাংকিং টুর্নামেন্টে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে নিজেকে যাচাই-বাছাই প্রক্রিয়ায় সম্পৃক্ত করে যোগ্যতা নিরূপন করা।

৫. **উদ্দেশ্য :**

র‍্যাংকিং টুর্নামেন্টের ফলাফলের ভিত্তিতে আন্তর্জাতিক চ্যাম্পিয়নশিপসে অংশগ্রহণের লক্ষ্যে প্রাথমিকভাবে জাতীয় দল গঠন করা। এছাড়া আন্তর্জাতিক চ্যাম্পিয়নশিপসে অংশগ্রহণের পূর্বে চূড়ান্ত দল গঠন করতে ট্রায়াল ম্যাচ আয়োজন করা হবে।

৬. **প্রতিযোগিতার তারিখসমূহ :**

ক. বছরে প্রাপ্ত বয়স্ক/উম্মুক্ত ও যুব শ্রেণিতে ৪টি করে ন্যাশনাল র‍্যাংকিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে উভয় শ্রেণির ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসও র‍্যাংকিং টুর্নামেন্টের আওতাভূক্ত থাকবে।

খ. চলতি বছরে নিম্নের সময়সূচি ও ভেন্যুতে উভয় শ্রেণির ন্যাশনাল র‍্যাংকিং টুর্নামেন্টসমূহ অনুষ্ঠিত হবে :

**প্রাপ্ত বয়স্ক/উম্মুক্ত শ্রেণি :**

| ক্র: | তারিখ | প্রতিযোগিতার নাম | ভেন্যু |
|---|---|---|---|
| ০১। | ১৫ ফেব্রুয়ারি'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং/জাতীয় দল নির্বাচন | শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। |
| ০২। | ০৩-০৬ মে'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং/ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ | |
| ০৩। | ১১ জুলাই'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং | |
| ০৪। | ১৭ অক্টোবর'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং | |



১ম সংস্করণ ১৫ ডিসেম্বর ২০২২

যুব শ্রেণি :

| ক্র: | তারিখ | প্রতিযোগিতার নাম | ভেন্যু |
|---|---|---|---|
| ০১। | ২৯ ফেব্রুয়ারি'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, টঙ্গি, গাজীপুর। |
| ০২। | ২৫ জুলাই'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | |
| ০৩। | ২৮-৩১ আগস্ট'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং/ন্যাশনাল ইয়ুথ চ্যাম্পিয়নশিপ | |
| ০৪। | ১৪ নভেম্বর'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | |

৭. ক্যাটাগরি ও বয়স সীমা :

- প্রাপ্ত বয়স্ক/উন্মুক্ত পুরুষ/মহিলা : জন্ম সন ২০০৩ এবং এর উর্ধ্বে বয়স্ক (যুব আরচ্যাররা এতে অংশগ্রহণ করতে পারবে।)
- অনুর্ধ্ব-২১ পুরুষ/মহিলা : জন্ম সন ২০০৪/২০০৫/২০০৬
- অনুর্ধ্ব-১৮ বালক/বালিকা : জন্ম সন ২০০৭/২০০৮/২০০৯
- অনুর্ধ্ব-১৫ বালক/বালিকা : জন্ম সন ২০১০ এবং নীচের বয়স্ক

৮. *বয়স নির্ধারণী :*

সকল যুব আরচ্যারদের বয়স নির্ধারণের জন্য জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধন সনদ প্রমাণিক হিসাবে ধরা হবে।

৯. ইভেন্ট :

- রিকার্ভ ডিভিশন : প্রাপ্ত বয়স্ক/উন্মুক্ত, অনুর্ধ্ব-২১, অনুর্ধ্ব-১৮, অনুর্ধ্ব-১৫।
- কম্পাউন্ড ডিভিশন : প্রাপ্ত বয়স্ক/উন্মুক্ত, অনুর্ধ্ব-২১, অনুর্ধ্ব-১৮।

১০. দল নিবন্ধন, আরচ্যার তালিকাভূক্তি ও অংশগ্রহণ :

ক. বাংলদেশ আরচ্যারী ফেডারেশনের অধীনে নিবন্ধিত (নিবন্ধন নীতিমালা ২০১৪ মোতাবেক) দেশের সকল জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস দল, কর্পোরেশন, বিশ্ববিদ্যালয়, সংস্থা এবং ক্লাব দলসমূহ অংশগ্রহণ করতে পারবে। টুর্নামেন্টে অংশগ্রহণ উপলক্ষে পূর্বেই সার্বিক তথ্যাদি সম্বলিত আমন্ত্রণ পত্র ফেডারেশনের অধীনে নিবন্ধিত সকল দলকে পাঠানো হবে।

খ. বাংলাদেশের নাগরিক নন এমন কোন আরচ্যার ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্টে অংশগ্রহণ করতে পারেন না। দলীয় কোচ বিদেশী নাগরিক হলেও অংশগ্রহণ করতে পারবেন।

গ. ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য ফেডারেশন বরাবর কোনো প্রকার ফি প্রদান করতে হবে না। তবে ন্যাশনাল আরচ্যারী চ্যাম্পিয়নশিপসে এন্ট্রি ফি, আরচ্যারস ও অফিসিয়ালস ফি ফেডারেশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে ফেডারেশন বরাবর প্রদান করে মানি রিসিট সংগ্রহ করতে হবে।

ঘ. প্রতিটি দলকে প্রতিযোগিতা আয়োজন সাব-কমিটি কর্তৃক ঘোষিত নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে চিঠির মাধ্যমে দলের নাম ফেডারেশন কর্তৃক প্রেরিত ফরম পূরণ পূর্বক জমা দিয়ে তালিকাভূক্ত করতে হবে।

ঙ. টুর্নামেন্ট অনুষ্ঠিত হওয়ার ৫দিন পূর্বে ফেডারেশন বরাবর দলের আরচ্যার ও কর্মকর্তাদের নামের তালিকা বাংলা ও ইংরেজীতে পাঠাতে হবে। তালিকায় আরচ্যারদের নাম, জন্ম তারিখ, টিম ক্যাপ্টেন, মোবাইল



*১ম সংস্করণ ১৫ ডিসেম্বর ২০২২*

নাম্বার এবং দলের নাম উল্লেখ থাকতে হবে। এক্ষেত্রে সকল আরচ্যারবৃন্দ পূর্বেই ফেডারেশনের অধীনে তালিকাভুক্ত থাকতে হবে।

## ১১. প্রতিযোগিতা :

ক. বছরে প্রাপ্ত বয়স্ক/উম্মুক্ত ও যুব শ্রেণিতে ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসহ অন্যান্য ন্যাশনাল র‍্যাংকিং টুর্নামেন্টের প্রতিযোগিতা পদ্ধতি একই নিয়মে পরিচালিত হবে। ছক :

**প্রাপ্ত বয়স্ক/উম্মুক্ত শ্রেণি :**

| ক্র: | তারিখ | প্রতিযোগিতার নাম | প্রতিযোগিতা পদ্ধতি |
|---|---|---|---|
| ০১। | ১৫ ফেব্রুয়ারি'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং/জাতীয় দল নির্বাচন | কোয়ালিফিকেশন+ফাইনাল |
| ০২। | ০৩-০৬ মে'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং/ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ | কোয়ালিফিকেশন+ফাইনাল+মিক্সড টিম ফাইনাল |
| ০৩। | ১১ জুলাই'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং | কোয়ালিফিকেশন+টিম ফাইনাল+মিক্সড টিম ফাইনাল |
| ০৪। | ১৭ অক্টোবর'২৪ | : ন্যাশনাল ওপেন র‍্যাংকিং | কোয়ালিফিকেশন+ফাইনাল |

**যুব শ্রেণি :**

| ক্র: | তারিখ | প্রতিযোগিতার নাম | প্রতিযোগিতা পদ্ধতি |
|---|---|---|---|
| ০১। | ২৯ ফেব্রুয়ারি'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | কোয়ালিফিকেশন+ফাইনাল |
| ০২। | ২৫ জুলাই'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | কোয়ালিফিকেশন+ফাইনাল |
| ০৩। | ২৮-৩১ আগস্ট'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং/ন্যাশনাল ইয়ুথ চ্যাম্পিয়নশিপ | কোয়ালিফিকেশন+ফাই:+টিম ফাই:+মিক্সড টিম ফাই: |
| ০৪। | ১৪ নভেম্বর'২৪ | : ন্যাশনাল ইয়ুথ র‍্যাংকিং | কোয়ালিফিকেশন+ফাইনাল |

খ. **কোয়ালিফিকেশন রাউন্ড:** কোয়ালিফিকেশন রাউন্ডের মাধ্যমে খেলা শুরু হবে। জাতীয় ও আন্তর্জাতিক নিয়মানুযায়ী রিকার্ভ ডিভিশনের সকল খেলা নির্ধারিত দূরত্বে ০২ বারে (৩৬+৩৬) = ৭২টি তীর ছুড়বে। এক্ষেত্রে বয়স ভিত্তিক দূরত্বসমূহ নিম্নরূপ হবে:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| • প্রাপ্ত বয়স্ক/উম্মুক্ত | : | রিকার্ভ | : | ৭০ মিটার |
| | | কম্পাউন্ড | : | ৫০ মিটার |
| • অনূর্ধ্ব-২১ | : | রিকার্ভ | : | ৭০ মিটার |
| | | কম্পাউন্ড | : | ৫০ মিটার |
| • অনূর্ধ্ব-১৮ | : | রিকার্ভ | : | ৬০ মিটার |
| | | কম্পাউন্ড | : | ৫০ মিটার |
| • অনূর্ধ্ব-১৫ | : | রিকার্ভ | : | ৪০ মিটার |

গ. **ফাইনাল রাউন্ড :** কোয়ালিফিকেশন রাউন্ডের রিকার্ভ পুরুষ ও মহিলা এবং কম্পাউন্ড পুরুষ ও মহিলাদের মধ্য হতে সেরা ১৬জন করে আরচ্যার নিয়ে পরবর্তীতে ফাইনাল রাউন্ডের রিকার্ভ ডিভিশনে সেট এবং কম্পাউন্ড ডিভিশনে ম্যাচ পদ্ধতিতে খেলা অনুষ্ঠিত হবে অর্থ্যাৎ ইলিমিনেশন রাউন্ডের খেলা অনুষ্ঠিত হবে। কোয়ালিফিকেশন রাউন্ডে ১৬জনের অধিক আরচ্যারদের স্কোর স্ট্যান্ডার্ড বা সন্তোষজনক হলে কোয়ালিফিকেশন রাউন্ড থেকে আরচ্যার সংখ্যা আরো বাড়িয়ে নিয়ে ইলিমিনেশন রাউন্ডের খেলা পরিচালনা করা হবে।

## ১২. প্রতিযোগিতা সূচি :

আমন্ত্রণ পত্রের সাথে প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ করা হবে।

**১৩.প্রতিযোগিতার পয়েন্ট অর্জন :**

ক. কোয়ালিফিকেশন ও ফাইনাল রাউন্ডের স্থান ভিত্তিক ফলাফল এবং অর্জিত বোনাস পয়েন্ট সংগ্রহের সমন্বয়ে প্রতিযোগিতার চূড়ান্ত পয়েন্ট গণনা করা হবে।

খ. নিম্নের ছক অনুযায়ী পয়েন্ট গণনা করা হবে:

| কোয়ালিফিকেশন রাউন্ডে অবস্থান | বোনাস পয়েন্ট কোয়ালিফিকেশন রিকার্ভ | বোনাস পয়েন্ট কোয়ালিফিকেশন কম্পাউন্ড | বোনাস পয়েন্ট ফাইনাল গড়ে | ফাইনাল অবস্থান |
|---|---|---|---|---|
| ১ম স্থান: ১২ পয়েন্ট | ৬৫৬/৬৩০: ১ পয়েন্ট | ৬৯৪/৬৮৪: ১ পয়েন্ট | রি:পু:/রি:ম: গড়ে | ১ম স্থান: ১২ পয়েন্ট |
| ২য় স্থান: ৯ পয়েন্ট | ৬৫৯/৬৩৩: ২ পয়েন্ট | ৬৯৫/৬৮৬: ২ পয়েন্ট | ২৭,৩/২৬,২: ১ পয়েন্ট | ২য় স্থান: ৯ পয়েন্ট |
| ৩য় স্থান: ৭ পয়েন্ট | ৬৬১/৬৩৬: ৩ পয়েন্ট | ৬৯৬/৬৮৮: ৩ পয়েন্ট | ২৭,৪/২৬,৪: ২ পয়েন্ট | ৩য় স্থান: ৭ পয়েন্ট |
| ৪র্থ স্থান: ৫ পয়েন্ট | ৬৬৩/৬৩৮: ৪ পয়েন্ট | ৬৯৭/৬৯০: ৪ পয়েন্ট | ২৭,৫/২৬,৬: ৩ পয়েন্ট | ৪র্থ স্থান: ৫ পয়েন্ট |
| ৫ম স্থান: ৪ পয়েন্ট | ৬৬৫/৬৪০: ৬ পয়েন্ট | ৬৯৮/৬৯১: ৬ পয়েন্ট | ২৭,৬/২৬,৮: ৪ পয়েন্ট | ৫ম স্থান: ৪ পয়েন্ট |
| ৬ষ্ঠ স্থান: ৩ পয়েন্ট | ৬৬৭/৬৪২: ৮ পয়েন্ট | ৬৯৯/৬৯২: ৮ পয়েন্ট | ২৭,৭/২৬,৯: ৬ পয়েন্ট | ৬ষ্ঠ স্থান: ৩ পয়েন্ট |
| ৭ম স্থান: ২ পয়েন্ট | ৬৬৯/৬৪৪: ১০ পয়েন্ট | ৭০০/৬৯৩: ১০ পয়েন্ট | ২৭,৮/২৭,০: ৮ পয়েন্ট | ৭ম স্থান: ২ পয়েন্ট |
| ৮ম স্থান: ১ পয়েন্ট | ৬৭১/৬৪৬: ১২ পয়েন্ট | ৭০১/৬৯৪: ১২ পয়েন্ট | ২৭,৯/২৭,১: ১০ পয়েন্ট | ৮ম স্থান: ১ পয়েন্ট |
| | ৬৭৩/৬৪৮: ১৪ পয়েন্ট | ৭০২/৬৯৫: ১৪ পয়েন্ট | ২৮,০/২৭,২: ১২ পয়েন্ট | |
| | ৬৭৫/৬৫০: ১৬ পয়েন্ট | ৭০৩/৬৯৬: ১৬ পয়েন্ট | ২৮,১/২৭,৩: ১৪ পয়েন্ট | |
| | ৬৭৭/৬৫২: ১৯ পয়েন্ট | ৭০৪/৬৯৭: ১৯ পয়েন্ট | ২৮,২/২৭,৪: ১৬ পয়েন্ট | |
| | ৬৭৯/৬৫৪: ২২ পয়েন্ট | ৭০৫/৬৯৮: ২২ পয়েন্ট | ২৮,৩/২৭,৫: ১৯ পয়েন্ট | |
| | ৬৮০/৬৫৬: ২৫ পয়েন্ট | ৭০৬/৬৯৯: ২৫ পয়েন্ট | | |
| | ৬৮১/৬৫৮: ২৮ পয়েন্ট | ৭০৭/৭০০: ২৮ পয়েন্ট | ক:পু:/ক:ম: গড়ে | |
| | ৬৮২/৬৬০: ৩১ পয়েন্ট | ৭০৮/৭০১: ৩১ পয়েন্ট | ১৪৪,০/১৪১,৭: ১ পয়েন্ট | |
| | ৬৮৩/৬৬২: ৩৪ পয়েন্ট | ৭০৯/৭০২: ৩৪ পয়েন্ট | ১৪৪,৩/১৪২,০: ২ পয়েন্ট | |
| | ৬৮৪/৬৬৪: ৩৭ পয়েন্ট | ৭১০/৭০৩: ৩৭ পয়েন্ট | ১৪৪,৬/১৪২,৩: ৩ পয়েন্ট | |
| | ৬৮৫/৬৬৬: ৪০ পয়েন্ট | ৭১১/৭০৪: ৪০ পয়েন্ট | ১৪৪,৮/১৪২,৬: ৪ পয়েন্ট | |
| | | | ১৪৫,০/১৪২,৮: ৬ পয়েন্ট | |
| | | | ১৪৫,২/১৪৩,০: ৮ পয়েন্ট | |
| | | | ১৪৫,৪/১৪৩,২: ১০ পয়েন্ট | |
| | | | ১৪৫,৫/১৪৩,৪: ১২ পয়েন্ট | |
| | | | ১৪৫,৬/১৪৩,৬: ১৪ পয়েন্ট | |
| | | | ১৪৫,৭/১৪৩,৮: ১৬ পয়েন্ট | |
| | | | ১৪৫,৮/১৪৪,০: ১৯ পয়েন্ট | |

গ. আরচ্যারদের অর্জিত পয়েন্ট অনুযায়ী র‍্যাংকিং তালিকা প্রণয়ন করে ধারাবাহিকভাবে তালিকাভূক্ত করা হবে।

ঘ. ইলিমিনেশন রাউন্ডে যে আরচ্যার যতটি খেলায় অংশ নিবেন, ততটি খেলার স্কোর যোগ করে গড় নিয়মে এবং তালিকা অনুসারে বোনাস পয়েন্ট পাবেন।

ঙ. অর্জিত পয়েন্ট সমান হলে কোয়ালিফিকেশন রাউন্ডে সর্বোচ্চ স্কোর অর্জনকারীকে প্রাধিকার দেয়া হবে।

BANGLADESH ARCHERY FEDERATION

**১৪. সুযোগ-সুবিধা :**

ক. ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্টে অংশগ্রহণকারী কোনো দল বা আরচ্যারকে যাতায়াত ভাতা (টিএ) এবং আবাসন সুবিধা (ডিএ) প্রদান করা হবে না। অংশগ্রহণকারী সকলকে ফেডারেশনের ব্যবস্থাপনায় শুধুমাত্র দুপুরের খাবার প্রদান এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে।

খ. শুধুমাত্র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসে অংশগ্রহণকারী সকল দলের (বিকেএসপি ও সার্ভিসেস দল ব্যতীত) থাকা (এটিসি হোস্টেল) ও খাওয়া (৩ বেলা) এবং যাতায়াত (সাধারণ নন-এসি বাস ভাড়া) বাবদ সম্পূর্ণ ব্যয় বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন বহন করবে।

গ. টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল দলকে খেলা অনুষ্ঠানের দিনে/দিনগুলোতে সকাল ৭টার মধ্যে মাঠে উপস্থিত হতে হবে এবং প্রতিযোগিতা শেষে সন্ধ্যার পূর্বে মাঠ/খেলার ভেন্যু ত্যাগ করতে হবে।

ঘ. টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল দলকে টুর্নামেন্ট সশ্লিষ্ট 'টিম ম্যানেজার্স মিটিং'-এ অবশ্যই উপস্থিত থাকতে হবে। সকল দলকে মিটিং অনুষ্ঠানের সময় পূর্বেই অবগত করা হবে।

ঙ. শুধুমাত্র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসের রিকার্ভ ও কম্পাউন্ড উভয় ডিভিশনে একক, দলীয় ও মিশ্র দলীয় ইভেন্টের প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের স্বর্ণ, রৌপ্য ও তাম্র পদক প্রদানসহ পদক ভিত্তিক এককালীন পারফরমেন্স ইনসেনটিভ (নীতিমালা-২০২২ অনুযায়ী) প্রদান করা হবে। অন্যান্য ন্যাশনাল ওপেন র‍্যাংকিং টুর্নামেন্টের উল্লেখিত ইভেন্টের বিজয়ীদের মাঝে কোন প্রকার পদক বিতরণ করা হবে না।

চ. ন্যাশনাল চ্যাম্পিয়নশিপসে গোল্ড, সিলভার ও ব্রোঞ্জ পদক ছাড়াও বিজয়ী দলসমূহকে উপহার হিসেবে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ ট্রফি প্রদান করা হবে। কিন্তু ন্যাশনাল র‍্যাংকিং ওপেন টুর্নামেন্টে কোনো প্রকার ট্রফি প্রদান করা হবে না।

ছ. উপরে উল্লেখিত হয় নাই এমন বিষয়ের উদ্ভব হলে, সেক্ষেত্রে 'প্রতিযোগিতা আয়োজন সাব-কমিটি'র সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন

(রশিদুজ্জামান সেরনিয়াবাত)
আহ্বায়ক
প্রতিযোগিতা আয়োজন সাব-কমিটি
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন




*১ম সংস্করণ ১৫ ডিসেম্বর ২০২২*